123

দৈনিক সংবাদ

তারিখ ... 13 JUL 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫......

ফলোআপ

# তদন্ত কমিটি অবশেষে দায়িত্ব পেল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভুয়া ভর্তির বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে অবশেষে দায়িত্ব বুঝিয়ে দেয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে দু'জন ভুয়া ছাত্র ধরা পড়ার পর কর্তৃপক্ষ গত ২৯শে জুন ৩ সদস্যবিশিষ্ট এ কমিটি গঠন করেন।

গত ২৯শে জুন 'সংবাদ'-এ ভুয়া ভর্তির ব্যাপারে খবর প্রকাশিত হওয়ার পর উপাচার্যের নির্দেশে ওই দিনই এ কমিটি গঠিত হয়। কমিটি গঠনের পর ১৩ দিন পার হয়ে গেলেও কমিটিকে তাদের দায়িত্ব বুঝিয়ে দেয়া হয়নি। গতকাল 'সংবাদ'-এ আবার এ ব্যাপারে খবর প্রকাশিত হওয়ার পর গতকালই কমিটিকে তাদের দায়িত্ব

দায়িত্ব ঃ পৃঃ ৭ কঃ ৪

## দায়িত্ব ঃ পেল

( ১ম পৃষ্ঠার পর )

বুঝিয়ে দেয়া হয়েছে।

কমিটির আহ্বায়ক অধ্যাপক ডঃ মোঃ শাহাদত আলীর সাথে গতকাল রোববার দুপুরে যোগাযোগ করা হলে তিনি জানান, কিছুক্ষণ আগে তিনি কমিটি সংক্রান্ত একটি চিঠি পেয়েছেন। তিনি জানান, কমিটির দায়িত্ব দ্রুত সম্পন্ন করার জন্য তিনি আগামী ১৯শে জুলাই উপাচার্যের বাসভবনে তদন্ত কমিটির প্রথম সভা আহ্বান করেছেন।

ডঃ শাহাদাত আলী জানান, যারা ভুয়া বা অবৈধভাবে ভর্তি হয়েছে তাদের ব্যাপারে পদক্ষেপ নেয়া তো হবেই, বিশ্ববিদ্যালয়ের যদি কেউ জড়িত থাকে তাদেরকেও অবশ্যই চিহ্নিত করা হবে।

সূত্র জানায়, তদন্ত কমিটিকে কেবল ভুয়া ছাত্রদের ব্যাপারে তদন্ত করতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের কেউ জড়িত থাকলে তাদের ব্যাপারে তেমন কিছু উল্লেখ নেই।